দৈনিক বাংলা

তারিখ ... 11-JAN 1994 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা ঃ আসনের দশগুণ প্রার্থী

স্টাফ রিপোর্টার ঃ প্রচন্ড ভিড়ের মধ্য দিয়ে সোমবার রাজধানীর সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। সোমবার রাজধানীর দশটি সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ ৮টি এবং আগামীকাল ৭টি সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

শূন্য আসনের দশগুণ ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে। কোন কোন স্কুলে এদের সংখ্যা আরো অনেক বেশী। বাংলা বাজার সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রথম শ্রেণীতে সীট রয়েছে ৪০টি। ভর্তি পরীক্ষা দিয়েছে ৪শ' জন। সকল স্কুলের অবস্থা একই রকম। সরকারী উচ্চ বিদ্যালয়সমূহের নীচের ক্লাসগুলোতে সীট খালি আছে। উপরের ক্লাসে সীট নেই বললেই চলে।

প্রচন্ড ভিড়ে সন্তানকে মাথায় তুলে অনেকে পার করেছেন স্কুলের মূল ফটক। পরীক্ষা শেষে একজন একজন করে শিশুদের স্কুল থেকে ফেরত দেয়া হয়েছে অভিভাবকদের কাছে।

গতকাল যে ১০টি সরকারী হাই স্কুলে

( ৩-এর পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## সরকারী স্কুলে ভর্তি

( প্রথম পৃষ্ঠার পর )

ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে সেগুলো হচ্ছে, সরকারী বিজ্ঞান কলেজ, তেজগাঁ সরকারী উচ্চ বিদ্যালয়, মীরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী উচ্চবিদ্যালয়।

আজ যে সকল সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলো হচ্ছে, ঢাকা গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, মতিঝিল সরকারী উচ্চ বালক বিদ্যালয়, ধানমন্ডি সরকারী উচ্চ বালক বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, মতিঝিল সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, কামরুন্নাহার বালিকা বিদ্যালয়, তেজগাঁ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ও ধানমন্ডি সরকারী উচ্চ বালক বিদ্যালয়।

আগামী কাল যে সাতটি সরকারী উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে সেগুলো হচ্ছে, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা গবঃ মুসলিম হাই স্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, কামরুন নেছা সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ও নিউ গবঃগার্লস হাইস্কুল।